



উপসাগরীয় উত্তেজনায় সৌদি-ইরান পররাষ্ট্রমন্ত্রীর ফোনালাপ



সৌদি আরব ও ইরানের পররাষ্ট্রমন্ত্রীর ফোনালাপ। ছবি: সংহীত

উপসাগরীয় অঞ্চলে চলমান উত্তেজনার প্রেক্ষাপটে প্রথমবারের মতো টেলিফোনে কথা বলেছেন সৌদি আরব ও ইরানের পররাষ্ট্রমন্ত্রীরা। সৌদি আরবের পররাষ্ট্রমন্ত্রী প্রিন্স ফয়সাল বিন ফারহান আল সৌদ এবং ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির মধ্যে এ আলোচনা অনুষ্ঠিত হয়।

বৃহস্পতিবার (৯ এপ্রিল) সৌদি পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক বিবৃতিতে জানানো হয়, সাম্প্রতিক পরিস্থিতি নিয়ে দুই পক্ষ বিস্তারিত আলোচনা করেছেন। পাশাপাশি আঞ্চলিক নিরাপত্তা ও স্থিতিশীলতা ফিরিয়ে আনতে উত্তেজনা কমানোর সম্ভাব্য উপায় নিয়েও মতবিনিময় হয়েছে।

এর আগে যুদ্ধবিরতির ঘোষণার কয়েক ঘণ্টার মধ্যেই সৌদি আরবের গুরুত্বপূর্ণ ইস্ট-ওয়েস্ট পাইপলাইনে হামলার ঘটনা ঘটে, যার জন্য ইরানকে দায়ী করা হয়। এই পাইপলাইনটি চলমান সংঘাতের সময় দেশটির অপরিশোধিত তেল রপ্তানির প্রধান পথ হিসেবে ব্যবহৃত হয়ে আসছিল।

এদিকে ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পস (আইআরজিসি) দাবি করেছে, তারা ক্ষেপণাস্র ও ড্রোন ব্যবহার করে বিভিন্ন স্থানে হামলা চালিয়েছে। তাদের ভাষ্য অনুযায়ী, এসব লক্ষ্যবস্তুর মধ্যে সৌদি আরবের ইয়ানবু এলাকায় অবস্থিত কিছু তেল স্থাপনাও ছিল, যেখানে মার্কিন কোম্পানির সংশ্লিষ্টতা রয়েছে বলে উল্লেখ করা হয়।